

২৫ সেপ্টেম্বরের মধ্যেই জকসু নীতিমালা পাশের দাবি জবি শিবিরের

জবি প্রতিনিধি



ছবি: কালের কঠ

চলতি মাসের ২৫ সেপ্টেম্বরের মধ্যেই জগন্নাথ বিশ্ববিদ্যালয়

কেন্দ্রীয় ছাত্র সংসদ (জকসু) নীতিমালা পাশের দাবি জানিয়েছে

বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রশিবির।

মঙ্গলবার (১৬ সেপ্টেম্বর) বিকেলে ইউজিসি কার্যালয়ে

চেয়ারম্যানের সঙ্গে বৈঠক শেষে সংবাদ সম্মেলনে এ দাবি জানান

সংগঠনটির সভাপতি রিয়াজুল ইসলাম।

এসময় জবি শাখা ছাত্রশিবিরের সভাপতি রিয়াজুল ইসলাম বলেন,

‘ইউজিসি চেয়ারম্যান জানতেনই না যে আমাদের বিশ্ববিদ্যালয়

থেকে জকসু নীতিমালা পাঠানো হয়েছে। অন্যরা জানলেও

চেয়ারম্যান না জানাটা বিশ্ববিদ্যালয় প্রশাসনের সুস্পষ্ট ব্যর্থতা।

প্রশাসনের অবহেলা করার কারণেই নীতিমালাটি ইউজিসি

চেয়ারম্যান পর্যন্ত পৌঁছেনি।'

তিনি আরো বলেন, 'ইউজিসি চেয়ারম্যান আমাদের আশ্বস্ত

করেছেন যে আগামী সপ্তাহের প্রথম দিকেই বিষয়টি আইন

মন্ত্রণালয়ে পাঠানো হবে এবং এ নিয়ে প্রধান উপদেষ্টার সঙে কথা

বলবেন। যেহেতু আইনটি তারা ইতোমধ্যে পর্যালোচনা করেছেন,

এটি সম্পূর্ণ করতে খুব বেশি সময় লাগার কথা নয়। তাই আমরা

জোর দাবি জানাচ্ছি চলতি মাসের ২৫ সেপ্টেম্বরের মধ্যেই যেন

জুকসু নীতিমালা পাশ হয়।

,

এসময় উপস্থিত ছিলেন জবি শিবিরের সেক্রেটারি আব্দুল আলীম

আরিফ, সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ জাহেদ, অফিস সম্পাদক

ইবাইম খলীল, অর্থ সম্পাদক মোস্তাফিজুর রহমান ও ছাত্রকল্যাণ

সম্পাদক মোহাম্মদ ফারংক।